# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১১৬৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৬৯]

পর্ব-১২: তাত্ববীক্ব (রুকূ’তে দু' হাত হাঁটুদ্বয়ের মাঝে স্থাপন) করা (كتاب التطبيق)

পরিচ্ছেদঃ ১০০: প্রথম তাশাহ্হুদ কিভাবে করবে?

كَيْفَ التَّشَهُّدُ الأَوَّلُ

---

আরবী

أَخْبَرَنِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ خَالِدٍ الرَّقِّيُّ، قال: حَدَّثَنَا حَارِثُ بْنُ عَطِيَّةَ وَكَانَ مِنْ زُهَّادِ النَّاسِ، عَنْ هِشَامٍ، عَنْ حَمَّادٍ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ عَلْقَمَةَ، عَنِ ابْنِ مَسْعُودٍ، قال: كُنَّا إِذَا صَلَّيْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَقُولُ السَّلَامُ عَلَى اللَّهِ السَّلَامُ عَلَى جِبْرِيلَ السَّلَامُ عَلَى مِيكَائِيلَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَا تَقُولُوا السَّلَامُ عَلَى اللَّهِ فَإِنَّ اللَّهَ هُوَ السَّلَامُ وَلَكِنْ قُولُوا التَّحِيَّاتُ لِلَّهِ وَالصَّلَوَاتُ وَالطَّيِّبَاتُ السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ .

تخريج دارالدعوه: تفرد به المؤلف، وانظر حديث رقم: ١١٦٨) (شاذ) (وحده لا شريک لہ...کا اضافہ شاذ ہے)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1169 ـ شاذ بزيادة وحده لا شريك له

বাংলা

১১৬৮. আবদুর রহমান ইবনু খালিদ আর রক্কী (রহ.) ..... ইবনু মাস্‌’উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা যখন রাসূলুল্লাহ (সা.) -এর সাথে সালাত আদায় করতাম তখন আমরা বলতাম, “আস্সালামু ’আলাল্ল-হি আস্সালামু আলা- জিবরীলা, আস্সালামু আলা- মীকাঈল”। রাসূলুল্লাহ (সা.) আমাদের বললেন, তোমরা “আসসালা-মু আলাল্ল-হ” বলিও না, কারণ আল্লাহ তা’আলাই সালাম। বরং তোমরা বল -

’আত্তাহিয়্যাতু লিল্লা-হি ওয়াস্ সালাওয়া-তু ওয়াত্ব ত্বইয়িবা-তু, আসসালা-মু আলায়কা আইয়ুহান নাবিয়ু, ওয়া রহমাতুল্ল-হি ওয়া বারাকাতুহ। আসসালা-মু আলায়না- ওয়া ’আলা- ’ইবা-দিল্লা-হিস্ সলিহীন, আশহাদু আল্লা- ইলা-হা ইল্লাল্ল-হু ওয়াহদাহু লা- শারীকা লাহু ওয়া আশহাদু আন্না মুহাম্মাদান ’আবদুহু ওয়া রসূলুহু” (সকল প্রকার মৌখিক, দৈহিক ও আর্থিক ’ইবাদত আল্লাহর জন্য। হে নবী! আপনার ওপর শান্তি এবং আল্লাহর রহমত ও বরকত বর্ষিত হোক। আর আমাদের এবং আল্লাহর নেক বান্দাদের ওপর শান্তি বর্ষিত হোক। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ব্যতীত প্রকৃত কোন মা’বুদ নেই, তিনি একক, তার কোন শরীক নেই এবং আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, নিশ্চয় মুহাম্মাদ (সা.) তাঁর বান্দা ও রসূল।)।

## English

100. What Is Said In The First Tashahhud

It was narrated that Ibn Mas'ud said: When we prayed with the Messenger of Allah (ﷺ), we used to say: Peace (As-Salam) be upon Allah (SWT), peace be upon Jibril, peace be upon Mika'il.' The Messenger of Allah (ﷺ) said: 'Do not say Peace (As-Salam) be upon Allah, for Allah is As-Salam. Rather say: At-tahiyyatu lillahi was-salawatu wat-tayyibat, as-salamu 'alaika ayyuhan-Nabiyyu wa rahmatAllahi wa baraktuhu. As-salamu 'alaina wa 'ala 'ibad illahis-salihin, ashahdu an la illaha ill-Allah wa ashhadu anna Muhammadan 'abduhu wa rasuluhu (Allah compliments, prayers and pure words are due to Allah. Peace be upon you, O Prophet, and the mercy of Allah (SWT) and his blessings. Peace be upon us and upon the righteous slaves of Allah (SWT). I bear witness that none has the right to be worshipped except Allah and I bear witness that Muhammad is His slave and Messenger).

### ফুটনোট

সহীহ: তিরমিযী ২৮৯, সহীহ ইবনু খুযায়মাহ ৭০১, আবু দাউদ ৯৭০, দারিমী ১৩৪১। [দ্রঃ ১১৬২]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87542

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন